# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯.৬.৩. বিনইয়ামীন গোষ্ঠীর কয়েক লক্ষ মানুষকে গণহত্যা

বনি-ইসরাইলের ১২ গোষ্ঠীর একটা বিনইয়ামীন (Benjamin) গোষ্ঠী। এরা ইয়াকুব (আ.) বা ইসরাইলের ছোট ছেলে বিনইয়ামীন (Benjamin)-এর বংশধর। বাইবেলের বর্ণনায় বনি-ইসরাইলের মানুষেরা এ গোষ্ঠীর সকল নারী, পুরুষ ও শিশুকে হত্যা করেন। শুধু ৬০০ মানুষ পালিয়ে বাঁচতে পারে। কয়েক মাস পরে পলাতক এ মানুষগুলো ফিরে আসলে তাদের বিবাহ দেওয়ার জন্য বনি-ইসরাইলরা অবশিষ্ট বনি-ইসরাইলদের মধ্য থেকে কয়েক হাজার মানুষকে হত্যা করেন। বাইবেলীয় এ গল্প থেকে পাঠক বাইবেলের দৃষ্টিতে পাপ, পুণ্য, ধার্মিকতা, যৌক্তিকতা ও মানবতার অনেক বিষয় জানতে পারবেন। এ হত্যাযজ্ঞ পুরোটাই বাইবেলীয় ঈশ্বরের প্রত্যক্ষ তত্ত্বাবধানে সংঘটিত হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14587

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন